

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫০৩

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৬০. সুরা 'আন নাজম' এ সাজদা করা

بَابِ السُّجُودِ فِي النَّجْمِ

আরবী

أَخْبَرَنَا أَبُو الْوَلِيدِ الطَّيَالِسِيُّ حَدَّثَنَا شُعْبَةُ عَنْ أَبِي إِسْحَقَ عَنْ الْأَسْوَدِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودٍ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَرَأَ النَّجْمَ فَسَجَدَ فِيهَا وَلَمْ يَبْقَ أَحَدٌ إِلَّا سَجَدَ إِلَّا شَيْخٌ أَخَذَ كَفًّا مِنْ حَصَّى فَرَفَعَهُ إِلَى جَبْهَتِهِ وَقَالَ يَكْفِينِي هَذَا

বাংলা

১৫০৩. আব্দুল্লাহ ইবনু মাসউদ রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লালাহু আলাইহি ওয়া সাল্লাম (সুরা) ['আন নাজম'] পাঠ করলেন এবং এর মধ্যে সাজদা করলেন, তখন কেউই সাজদা না করে রইলো না; কেবল এক বৃদ্ধ ব্যতীত। সে একমুষ্টি মাটি নিয়ে তার কপাল পর্যন্ত উঠিয়ে বললো, 'আমার জন্য এটাই যথেষ্ট।'[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: বুখারী (সুজুদুল কুরআন) ১০৬৭; মুসলিম (মাসাজিদ) ৫৭৬; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী নং ৫২১৮ ও সহীহ ইবনু হিব্বান নং ২৭৬৪ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🗆 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন